আলমডাঙ্গায় ১৪৫ পিস ইয়াবা সহ মাদক ব্যাবসায়ী গ্রেফতার

আলমডাঙ্গা পাইকপাড়া ক্যাম্প পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৪৫ পিস ইয়াবা ট্যাবলেটসহ কামালপুর চরপাড়ার ফারুক আলীকে গ্রেফতার করেছে। গত শুক্রবার রাতে আলমডাঙ্গা বধ্যভূমি এলাকা থেকে তাকে মাদকসহ গ্রেফতার করে থানায় সোপর্দ করা হয়।

জানা গেছে, উপজেলার কুমারী ইউনিয়নের কামালপুর চরপাড়ার মৃত মঞ্জু মিস্ত্রির ছেলে ফারুক আলী(৪২) দীর্ঘদিন ধরে মাদক দ্রব্য বিক্রয় করে আসছিল বলে এলাকায় অভিযোগ রয়েছে। সে পুলিশের চোখ ফাকি দিয়ে এলাকায় মাদক দ্রব্য বিক্রয় করে।

গত শুক্রবার রাতে আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ মুহা: মাসুদুর রহমান(পিপিএম)’র নেতৃত্বে পাইকপাড়া ক্যাম্পের ইনচার্জ এসআই আব্দুল মতিন ও এএসআই বাদশা আলমগীর গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা বধ্যভূমি হতে এলাহী নগর গ্রামের রাস্তায় অভিযান চালিয়ে ফারুক আলীকে আটক করে। আটকের পর তার নিকট থেকে ১৪৫পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। এবিষয়ে আলমডাঙ্গা থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয়েছে।